৮। **ভাবসম্প্রসারণ করঃ (যে কোন একটি প্রশ্নের উত্তর দাও)** **৫×১=৫**

ক) বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

খ) জন্মিলে মরিতে হবে- অমর কে কোথা কবে
চিরস্থির করে নীর হয় রে জীবন নদে?

৯। **যেকোন একটি প্রশ্নের উত্তর দাওঃ** **৫×১=৫**

ক) মনে কর, তোমার ছোট ভাই স্বপন ষষ্ঠ শ্রেণিতে পড়ে। তাকে 'পরীক্ষায় অসদুপায় অবলম্বন ব্যক্তি তথা জাতির জন্য হুমকিস্বরূপ' এই মর্মে একটি পত্র পাঠাও।

খ) শিক্ষাসফরের গুরুত্ব উল্লেখ করে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট শিক্ষাসফরে যাওয়ার অনুমতি চেয়ে একটি আবদেন পত্র লেখ।

১০। **যেকোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করঃ** **১৫×১=১৫**

ক) স্বদেশ প্রেম

খ) দৈনন্দিন জীবন ও বিজ্ঞান

গ) বাংলাদেশের ষড়ঋতু

# মূল্যায়ন পরীক্ষা-২০২০

## শ্রেণি ঃ অষ্টম

## বিষয় ঃ বাংলা

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমানঃ ১০০**

**[দ্রষ্টব্যঃ গদ্য ও পদ্য অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]**

### সৃজনশীল অংশ-৪০

### ক অংশ-গদ্য

১। ময়নার স্বামী হঠাৎ মারা যাওয়ায় ৪ সন্তান নিয়ে সে অসহায় হড়ে পড়ে। জীবিকা নির্বাহের জন্য সে কাঁথা সেলাই করে বিক্রি করে। তার তৈরি নকশীকাঁথা সবাই পছন্দ করে। কারণ সেখানে গ্রামবাংলার নানান প্রাকৃতিক দৃশ্যের নকশা থাকে। ময়না বলে, এগুলো তৈরি করতে অনেক সময় লাগে। একাজ করে ময়নার সংসার ভালোই চলছে।

ক) 'আমাদের লোকশিল্প' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত? ১
খ) মসলিন এর বৈশিষ্ট্য কী কী? ২
গ) উদ্দীপকটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের কোন দিকটির সাদৃশ্য বহন করে তার বর্ণনা দাও। ৩
ঘ) উদ্দীপকে 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের সম্পূর্ণ ভাব ফুটে ওঠেনি- তোমার যুক্তি তুলে ধর। ৪

২। দিবাকর একটি বিড়াল পোষে। সে প্রতিদিন নিজের খাবার হতে বিড়ালকে খাবার দেয়। এমনকি বাজার হতেও খাবার কিনে খাওয়ায়। স্কুল হতে এসে অবসর সময়ে বিড়ালের সঙ্গে খেলা করে। হঠাৎ ইঁদুরকে দেয়া বিষ মেশানো খাবার খেয়ে বিড়ালটি মারা যায়। এতে দিবাকর কান্নায় ভেঙ্গে পড়ে।

ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গ্রামের নাম কী? ১
খ) মালির বৌ কুকুরটাকে সহ্য করতে পারত না কেন? ২
গ) উদ্দীপক ও 'অতিথির স্মৃতি' গল্পের সাদৃশ্য দেখাও। ৩
ঘ) "শুধু মানুষে মানুষে নয়, মানুষ ও প্রাণির সঙ্গেও গড়ে ওঠে সহমর্মিতার সম্পর্ক"-'অতিথির স্মৃতি' ও উদ্দীপকের আলোকে কথাটি বিশ্লেষণ করো। ৪

৩। সৃজন অন্যের জমি-জমা আত্মসাৎ করে অঢেল ধন-সম্পদের মালিক হয়েছে। কোনো সন্তান না থাকায় সর্বদা তার মনের মধ্যে হাহাকার বিরাজ করছে। অপরদিকে শাহেদ মিয়া ইউনিয়ন পরিষদের সদস্য। এলাকায় তাঁর প্রভাব থাকলেও সম্পদ খুব কম। সৎপথে উপার্জন করে তিনি সংসার চালান। মানুষের বিপদাপদে তিনি সর্বদাই এগিয়ে আসেন।

ক) নাড়ি পরীক্ষা কী? ১

খ) 'সুখ বড় কঠিন জিনিস।' বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের সৃজন 'সুখী মানুষ' নাটকের কোন চরিত্রটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) শাহেদ চরিত্র 'সুখী মানুষ' নাটকের মূলভাব ধারণ করেছে কী? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

## খ অংশ-পদ্য

৪। 'সমান হউক মানুষের মন, সমান অভিপ্রায়
মানুষের মতো মানুষের পথ এক হোক পুনরায়
সমান হউক আশা অভিলাষ সাধনা সমান হ'ক
সাম্যে গানে হউক শান্ত ব্যথিত মর্ত্যলোক ।'

ক) লালন শাহের গুরু কে ছিলেন ? ১

খ) কূপজল ও গঙ্গাজল কীভাবে অভিন্ন সত্তা? বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকে 'মানবধর্ম' কবিতার ফুটে ওঠা ভাবটি ব্যাখ্যা কর। । ৩

ঘ) "উদ্দীপকের চেতনাই 'মানবধর্ম' কবিতার মূল বক্তব্য "- আলোচনা কর। ৪

৫। দিনমজুর ভবেশ মেয়ের জন্য মহল্লার ধনী ব্যবসায়ী গোপাল সাহার কাছ থেকে পাঁচ হাজার টাকা ঋণ নেয়। ধূর্ত গোপাল সাহা লিখিত প্রমাণ থাকার কথা বলে সাদা কাগজে ভবেশের টিপসই রেখে দেয়। দু'মাস না যেতেই সে দলবল নিয়ে ভবেশের ভিটে-মাটি দখল করে। প্রচার করে জমি নাকি সে কিনে নিয়েছে।

ক) 'খত' কী? ১

খ) 'তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে'- উপেন কেন একথা বলেছে? ২

গ) উদ্দীপকের গোপাল সাহা কোন দিক থেকে 'দুই বিঘা জমি' কবিতার জমিদার ? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের ভবেশ কি পঠিত কবিতার উপেন? তোমার মতামত যুক্তিসহকারে উপস্থাপন করো। ৪

৬। ভয়াবহ অগ্নিকাণ্ডে সর্বস্বান্ত হয় সোমপাড়া গ্রামের অনেক মানুষ। দবির মেম্বার এসব দেখে স্থির থাকতে পারলেন না । তিনি তাঁর বাড়িতে সবাইকে আশ্রয় দিলেন। খাবারের ব্যবস্থা করলেন। তাঁর মতো জনপ্রতিনিধি পেয়ে এলাকাবাসী খুশি। দবির সাহেব পরবর্তী সময়ে সর্বস্বান্ত মানুষের পুনর্বাসনের ব্যবস্থা করেন।

ক) 'গুপ্ত কৃপাণ' অর্থ কী? ১

খ) 'দেখিল বাবুর এ জয় তাঁহার ফাঁকি- চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে।। ২

গ) উদ্দীপকটিতে 'বাবুরের মহত্ত্ব' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকটি 'বাবুরের মহত্ত্ব' কবিতার সামগ্রিক চিন্তা নয়"- মন্তব্যটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

## নির্মিত অংশ-৩০

**৭। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫**


ক) সারাংশ লেখ:

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে খারাপ বলে। তাকে অপছন্দ করে। তার সঙ্গে মিশতে চায় না। তার সঙ্গে কাজ করতে চায় না। তাকে কাছে ডাকতে চায় না। তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

খ) সারমর্ম লেখ:

নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি!
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি!
অবারিত মাঠ, গগনললাট চুমে এত পদধূলি
ছায়াসুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।
পল্লবঘন অম্রাকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দিঘি কালোজল- নিশীথশীতল স্নেহ।
বুকভরা মধু বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে-
মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে।

১০।




ক) ২০১১-২০১২ অর্থ বছরে উৎপাদিত সারের পরিমাণ কত? ১
খ) সমুদ্র সম্পদের সাথে জীবিকার সম্পর্ক লেখো। ২
গ) '?' নির্দেশিত সম্পদের বর্ণনা দাও। ৩
ঘ) বাংলাদেশের উন্নতিতে উল্লিখিত সম্পদের ভূমিকা অনেক- বিশ্লেষণ কর। ৪

১১।

| শিল্প | সংখ্যা | কাঁচামাল |
|---|---|---|
| A | ১৭টি | কৃষিজ সম্পদ হতে গৃহীত |
| B | ৬টি | প্রাকৃতিক সম্পদ হতে গৃহীত |

ক) জীববৈচিত্র্য কী? ১
খ) প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ) উক্ত ছকের 'A' শিল্পটি ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কি মনে কর, 'B' শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# মূল্যায়ন পরীক্ষা-২০২০


## শ্রেণি: অষ্টম

## বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[দ্রষ্টব্য: যে কোনটি ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]**

১।




ক) ব্রিটিশরা কত সালে বাংলা প্রদেশকে দ্বিখন্ডিত করার পরিকল্পনা করেছিল? ১
খ) ভারতবর্ষে ব্রিটিশ সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা ব্যাখ্যা করো। ২
গ) উদ্দীপকে 'ক' এর সাথে কোন কোম্পানির সাদৃশ্য প্রতীয়মান হয়? বর্ণনা কর। ৩
ঘ) পূর্ববাংলার জনগণকে প্রকৃত স্বাধীনতা প্রাপ্তিতে নতুন করে আন্দোলন করতে হয়।- মতামত দাও।৪

২। **ঘটনা- ১ :** মধুপুর অঞ্চলের কিছু ব্যক্তি সুখীপুর অঞ্চলে এসে জুড়ে বসে। তারা সুখীপুর অঞ্চল শাসন করার সময় প্রচুর ধন-সম্পদ মধুপুরে পাচার করে। এক পর্যায়ে সুখীপুরের জনগণ ক্ষেপে গেলে তারা নিজ দেশে ফিরে যায়।

**ঘটনা- ২ :** সুখীপুর অঞ্চলের রাজা তার যুব বয়সি নাতিকে সিংহাসনে বলায়। ফলে নাতির সরলতার সুযোগ নিয়ে মধুপুর অঞ্চলের ব্যক্তিগণ সুখীপুর অঞ্চলে শাসন প্রতিষ্ঠা করার সুযোগ পায়।

ক) কত সালে বঙ্গভঙ্গ হয়? ১
খ) কোম্পানির শাসন বলতে কী বোঝায়? ২
গ) ঘটনা-১ কোন যুগকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ) ঘটনা-২ এ বর্ণিত কারণটিই কি সুখীপুর অঞ্চলে মধুপুরের শাসন প্রতিষ্ঠার একমাত্র কারণ? মতামত দাও। ৪

৩। **তথ্য-১ :** ২১তম ফুটবল বিশ্বকাপের ফাইনাল খেলা রাশিয়ার লুঝনিকি স্টেডিয়ামে ফ্রান্স ও ক্রোয়েশিয়ার মধ্যে অনুষ্ঠিত হয়। উক্ত খেলা বিশ্বব্যাপী ফুটবলপ্রেমীরা টেলিভিশন ও ইন্টারনেটের মাধ্যমে উপভোগ করে।

**তথ্য-২ :** এমবাপ্পে, পগবা ও গ্রিজম্যান এর মত খেলোয়াড়ের পারদর্শিতায় সবাই মুগ্ধ। এমবাপ্পের খেলোয়াড়ী কৌশল দৃষ্টান্ত হিসাবে ফুটবল খেলার কোচরা অন্য খেলোয়াড়ের মধ্যে বিস্তরণ ঘটাচ্ছেন।

ক) সংস্কৃতি কী? ১

খ) গ্রামীণ সমাজের দরিদ্র নারীদের টিকিয়ে রাখা শিল্পকর্মটি ব্যাখ্যা কর। ২

গ) তথ্য-১ দ্বারা নির্দেশিত সংস্কৃতির পরিবর্তনশীলতার অধিকতর কার্যকর কারণটি ব্যাখ্যা কর। ৩

ঘ) তথ্য-২ এর মাধ্যমে সমাজে সাংস্কৃতিক পরিবর্তন হচ্ছে কি? বিশ্লেষণ কর। ৪

৪। **শিল্প- ১ :** পুঁথিসাহিত্য, গদ্য সাহিত্য, জঙ্গনামা, চন্ডীমঙ্গল।
**শিল্প- ২ :** তাঁতশিল্প, নকশিকাঁথা, মসলিন।

ক) বস্তুগত সংস্কৃতি কী? ১

খ) সাংস্কৃতায়ন বলতে কী বোঝায়? ২

গ) শিল্প-১ কোন ধরনের শিল্পকে বোঝায়? তা ব্যাখ্যা কর। ৩

ঘ) 'শিল্প-২ এর জিনিসগুলো আমাদের জীবনযাত্রারই অনুষঙ্গ'- বিশ্লেষণ কর। ৪

৫। রাহী ও শুচি দুই ভাইবোন। শুচি তার মা-বাবা ও দাদা-দাদির সাথে গ্রামে থাকে। রাহী ঢাকায় হলে থেকে পড়াশোনা করে। শুচি পড়ালেখার পাশাপাশি বিভিন্ন কাজে তার মাকে সাহায্য করে এবং দাদা-দাদির সাথেও সময় কাটায়।

ক) গণমাধ্যম কাকে বলে? ১

খ) শিশুরা অন্যদের দ্বারা সহজেই প্রভাবিত হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) শুচির সামাজিকীকরণের ক্ষেত্রে কোন মাধ্যমের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) রাহী ও শুচির সামাজিকীকরণের পরিবেশ কি একই রকম? উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৬। কণা ঢাকার একটি স্বনামধ্য স্কুলের শিক্ষার্থী। সে তার স্কুলে দেশের বিভিন্ন অঞ্চল থেকে আসা শিক্ষার্থীর সাহচর্যে এসেছে। অন্যদিকে, তার খালাতো বোন ফারাহ স্কুলটিতে অনিয়মিত। সে সবসময় ফেসবুক এবং ইন্টারনেট ব্যবহারে ব্যস্ত থাকে। ফরে, সে জে.এস.সিতে অসফল হয়েছে।

ক) সামাজিকীকরণ কী? ১

খ) "বিশ্বায়ন ও সামাজিকীকরণ পাশাপাশি চলে"- উক্তিটি সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের আলোকে কণার সামাজিকীকরণের প্রক্রিয়াটি বর্ণনা কর। ৩

ঘ) প্রযুক্তির নেতিবাচক প্রভাব ফারাহের পরীক্ষায় অসফলতার প্রধান কারণ- আলোচনা কর। ৪

৭। **ঘটনা-১ :** জনাব 'ক' জনগণের ভোটে নির্বাচিত একজন প্রতিনিধি। তিনি সরকারের আয়-ব্যয় নিয়ন্ত্রণ ও কর ধার্য কার্যক্রমে অংশ নেন।

**ঘটনা-২ :** জনাব 'খ' রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন। দুষ্টের দমন এবং সংবিধানের বিভিন্ন আইনের ব্যাখ্যা দেন।

**ঘটনা-৩ :** জনাব 'গ' দেশে প্রণীত আইন বাস্তবায়নে এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় অংশ নেন।

ক) বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কখন? ১

খ) সংবিধানকে রাষ্ট্র পরিচালনার মূল দলিল বলা হয় কেন? ২

গ) জনাব 'খ' সরকারের যে বিভাগের সদস্য তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের বিভাগগুলোর সম্মিলিত রূপই সরকার"- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। জনাব 'হাসান' ও জনাব 'রফিক' দুজনেই রাষ্ট্রের দুটি গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত। জনাব'হাসান' আইন প্রণয়নে ভূমিকা রাখেন। অপরদিকে জনাব 'রফিক' সেই আইন বাস্তবায়ন করেন।

ক) সুশাসন কী? ১

খ) রাষ্ট্র পরিচালনার মূল দলিল বলা হয় কাকে? ব্যাখ্যা কর। ২

গ) জনাব 'হাসান' এর কাজ সরকারের কোন বিভাগকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে জনাব 'হাসান" ও 'রফিক' এর সম্পাদিত কাজের মাধ্যমেই কি রাষ্ট্র পরিচালনা সম্ভব? মতামত দাও। ৪

৯।

| | | |
|---|---|---|
| ক | → | বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম |
| | | ধর্মীয় নেতাদের উদ্বুদ্ধকরণ কর্মসূচি |

| | | |
|---|---|---|
| খ | → | নিরক্ষরতা দূরীকরণ |
| | | নারী শিক্ষা প্রসার |

ক) জনসংখ্যা সম্পর্কে বাংলাদেশের স্লোগান কী? ১

খ) জনসংখ্যা নীতি কী? ব্যাখ্যা কর। ২

গ) উল্লিখিত 'ক' ছকের কার্যক্রম জনসংখ্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোন উদ্যোগের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'খ' ছকে উল্লিখিত উদ্যোগটি বাস্তবায়নের মাধ্যমে অধিক জনসংখ্যাকে জনসম্পদের রূপান্তর করা সম্ভব- মূল্যায়ন কর। ৪

## Part—C : Grammar Part [Marks : 25]

**9. Read the text below and fill in the gaps with the root words in the brackets adding suitable suffix, prefix or both. 0.5x10=5**

The slum (a) _____ (dwell) are (b) _____ (root) people. (c) _____ (actual) they take shelter in slums and live in (d) _____ (human) condition. They suffer from (e) ____ (nutrition) and different kinds of diseases. As a result, many of them die an (f) ____ (mature) death. Some of them are involved in (g) _______ (social) activities. (h) _______ (politics) parties often use the slum boys as picketers during hartal and these boys do many acts of (i) _______ (violent). We must try our level best to (j) _____ (grade) their living condition.

**10. Fill-in the gaps in the following text with appropriate articles (a, an or the). Put a cross (x) where no article is used. 0.5x10=5**

Iran is (a) _______ old country. Many (b) _______ poet was born in that country. They were famous all over (c) _______ world. Saadi was such (d) _______ poet. He got (e) _______ invitation from the king. He started for (f) _______ capital. He was simply (g) _______ dressed. On his way to (h) _______ court, he took shelter in a noble man's house to pass (i) _______ night. The nobleman took him for (j) _______ ordinary man.

**11. Change the following sentences as directed in the brackets. 1x5=5**

(a) Karim is known as one of the oldest men in the village. (Make it an Active Sentence). (b) Though he is old, he is very active. (Make it a Negative Sentence) (c) He never gets up late. (Make it an Affirmative Sentence) (d) He exercises in order to keep his body fit. (Make it an Interrogative Sentence) (e) He maintains a disciplined life. (Make it a Passive Sentence)

**12. Rewrite the following passage changing the form of speech : 5**

"Excuse me, can I have a discussion with you, Mina? I have a big trouble. Can you spoil some of your time for me?" "What a surprise: I have just remembered you. First tell me what your problem is!"

**13. Use capital letters and punctuation marks as needed in the following passage.**

**0.5x10=5**

ours is a famous school in chattogram district how nice our schools environment is we are proud of our teachers who take care much of us

## Part–D : Writing Part [Marks : 30]

**14.** Write a paragraph on **"Tree Plantation".**

**10**

**15. Write an e-mail to your friend describing the Annual Sports Day of your school.**

**10**

**16. Write a dialogue between you and your friend about how to learn English.**

**10**

# Evaluation Examination- 2020

## Class- VIII

## Subject : English

**Time : 3 Hours**

**Marks : 100**

**[N.B. The figures in the right margin indicate full marks.]**

## Part- A : Reading Test (Marks : 20)

**Read the text and answer questions 1, 2 and 3.**

Nakshi kantha is a kind of embroidered quilt. The name was taken from the Bengali word, 'naksha' which means artistic pattern. It is a kind of traditional craft and is said to be indigenous to Bangladesh and West Bengal in India. The art has been practised in rural Bengal for centuries. The name 'nakshi kantha' became popular after the poet Jasimuddin's poem 'Nakshi Kanthar Math' was published in 1929.

Traditional kanthas are made for family use. Old or new cloth and thread are used to make these quilts. Mymensingh, Jamalpur, Rajshahi, Faridpur, Bogura and Jashore are most famous for this craft. Now it is produced commercially. You can find them in many expensive handicraft shops in cities. The quilts are now in great demand because of the colourful patterns and designs embroidered on them.

**[Unit-1, Lesson 2(B)]**

**1. Now choose the correct answer to each question from the alternatives given and write the corresponding number of the answers in your answer script.**

**1x7=7**

(a) The word 'Nakshi Kantha' comes from a/an _______ word.
i. Englishii. Bengali
iii. Hindi iv. Burmese

(b) Nowadays 'Nakshi Kantha' is produced _______.
i. Traditionally
ii. Nationally
iii. Commercially
iv. Normally

(c) What does the word 'Pattern' mean?
i. Step by step
ii. Series

iii. Artistic design
iv. Handmade work

(d) Where has the art been practised?
i. Large cities
ii. Urban area
iii. Rural area
iv. Rich family

(e) ‘Nakshi Kanthar Math' is written by ______.
i. Kazi Nazrul Islam ii. Farrukh Ahmed
iii. Jasimuddin
iv. Rabindranath Tagore

(f) The word 'expensive' means _______.
i. cheap ii. costly
iii. economical iv. low cost

(g) The word 'old' means _______.
i. aged ii. former
iii. ancient iv. used

**2. Answer the following questions from your reading of the above text. 2x4=8**

(a) What is 'Nakshi Kantha'?
(b) Which districts are famous for 'Nakstil Kantha'?
(c) When does 'Nakshi Kantha' become famous?
(d) Why are the Nakshi Kanthas now in great demand?

**3. Read the following text and fill in the gaps with appropriate words to make it a meaningful one. 1x5=5**

Folk songs are songs sung in the (a) ________ style of a community or country. Here the traditional style includes the themes, words and tunes of the songs that have (b) ________ for a long time among the common people. We have a rich history and collection of (c) ________ songs in Bangladesh. Of them Palligiti, Bhatiali, Bhawaiya, Jari, Sari, Gambhira, Lalongiti, Palagaan and songs of Hason Raja are very (d) ________. The traditional musical (e) ________ are usually played with these songs.

**<u>Part—B : Unseen Part [Marks : 25]</u>**

**Read the following text carefully and answer question 4 and 5.**

Socrates was a great philosopher. He was a great teacher too. He lived in Athens in Greece. About 2300 years have passed since he died. This great man, the wisest philosopher and teacher of his time. However, he did not die a natural death. He was killed by the rulers of Athens. Socrates was born in 459 BC in Athens. It was the home of sculpture. Probably his father was a sculptor. He helped his father in his work. He wanted to spread knowledge among the people. To educate the people was the mission of his life. He would often go out in the streets of Athens and ask people simple questions. If their answers were wrong, he would correct them. Socrates soon became very popular with the young people who learnt from him. But some men in authority became jealous of the great popularity of Socrates among people. They brought two charges against him. One was that he was educating the traitors. The other was that he was corrupting the young men of Athens. Finally, he was killed by drinking a cup of juice of Hemlock.

**4. Complete the following table with the information given in the passage. 5x1=5**

| Who/What | Event/Activity | Where | When |
|---|---|---|---|
| Socrates | was born | (i) ………… | in 459 BC |
| (ii) ………… | full of sculpture | | |
| (iii) ………… | the mission of Socrates | | |
| The cause of jealousy | (iv) ………… | | |
| Socrates’ death | (v) ………… | | |

**5. Read the passage again and write True or False beside the following statements. Give answer for the false statements : 1x5=5**

(a) Socrates was only a philosopher.
(b) He was born in 459 A.D in Paris.
(c) His father was a sculptor.
(d) Socrates was very popular among young people.
(e) He died a natural death.

**6. Read the text below and fill in the gaps using clues from the boxes. There are more words than necessary. 0.5x10=5**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **ground** | **school** | **of** | **art** | **held** | **our** |
| **guest** | **day** | **prize** | **was** | **arranged** | **guest** |

The prize giving ceremony of our (a) _______ is always very enjoyable. It is (b) _______ to distribute prizes among the winners (c) _______ different events of games, sports and (d) _______ and culture. In February last, the (e) _______ giving ceremony of our school was (f) _______. Before the function everything within the school (g) _______ beautifully decorated. The DC of (h) _______ district was invited as the chief (i) _______ in the function. I enjoyed the (j) _______ a lot with all my friends.

7. **Read the text below and fill in the gaps with words that are appropriate.**

**1x5=5**

Newspaper is the storehouse of (a) _______. It reflects the customs and (b) _______ of other countries. In fact, it is the (c) _______ of current (d) _______. Truly speaking, it has become (e) _______ to our modern life.

8. **Match the part of sentences from column A and B to make five complete sentences.**

**1x5=5**

| **Column—A** | **Column—B** |
|---|---|
| (a) Arabic is the oldest | i. 6 enlisted UN working languages. |
| (b) It is spoken in almost all | ii. were also done by its speakers. |
| (c) It is also one of the | iii. language reigned the world. |
| (d) Once speakers of this | iv. language according to a recent survey. |
| (e) Important scientific inventions | v. Arab countries in the Middle East and Africa. |

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

শ্রেণিঃ অষ্টম

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৫০

## সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর

**যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও:**

**৫×৫=২৫**

১। সংযুক্তিই উৎপাদনশীলতা ব্যাখ্যা কর।
২। সরকারী কর্মকান্ড আইসিটির কয়েকটি ব্যবহার উল্লেখ্য করো।
৩। রাউটারের কাজ করার পদ্ধতি বনর্ণা কর।
৪। টপোলজি বলতে কি বুঝ? চিত্র সহ রিং টপোলজি বুঝিয়ে বলো?
৫। হাব, সুইচ ও রাউটারের মধ্যে পার্থক্য লিখ।
৬। Captcha পদ্ধতি কেনো ব্যবহার করা হয় ব্যাখ্যা কর।
৭। ম্যালওয়্যার কী? ম্যালওয়্যার কীভাবে কাজ করে ব্যাখ্যা করো।
৮। স্প্রেডশিড প্রোগ্রাম বলতে কী বুঝ? স্প্রেডশিড ব্যবহার করে কী কী সুবিধা পাওয়া যায় লেখ।

## বহুনির্বাচনি প্রশ্ন

১। পণ্য বিক্রয়ের সার্বক্ষনিক মনিটরিং ব্যবস্থাকে কী বলে?
ক. GS খ. GPS গ. GPRR ঘ. EPOS

২। কোনটি ব্রড কাস্ট সিস্টেম নয়?
ক. টেলিফোন খ. টিভি গ. খবরের কাগজ ঘ. রেডিও

৩। রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিস অ্যান্ড ফার্মস এর ওয়েব সাইটের নাম কি?
ক. www.njocinfo.gov.bd খ. www.noc.gov.bd
গ. www.njocbd.gov ঘ.www.noc.gov.com

৪। কোন সরকারী কেন্দ্র থেকে ই-পর্চা সেবা পাওয়া যায়?
ক. ই-গভর্নেস কেন্দ্র খ. ই-সেবা কেন্দ্র গ. ই-কমার্স ঘ. ই-পূর্জি

৫। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ের গবেষণাগুলোকে কয় ভাগে ভাগ করা হয়?
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

৬। FPGA এর পূর্ণরুপ কী?
ক. Field Programmable Gate Array খ. Field Program Gate Arrays
গ. Fail Programm Able Gate Arrays ঘ. Fielld Procedure Gate Arrays

৭। স্যাটেলাইটকে পৃথিবী থেকে কত দূরে রাখা হয়?
ক. ৩০ হাজার কি.মি খ. ৩২ হাজার কি.মি গ. ৩৪ হাজার কি.মি ঘ. ৩৬ হাজার কি.মি

৮। অপটিক্যাল ফাইবারের মধ্যে দিয়ে কোন সিগন্যাল পাঠানো হয়?
ক. ম্যাগনেটিক সিগনাল খ. আলোক সিগন্যাল গ. ইলেকট্রিক সিগন্যাল ঘ. ওয়্যারলেস সিগন্যাল

৯। অপটিক্যাল ফাইবারের মধ্য দিয়ে একসাথে বা টেলিফোন কল পাঠানো সম্ভব?
ক. এক লক্ষ খ. কয়েক লক্ষ গ. এক কোটি ঘ. কয়েক কোটি

১০। স্যাটেলাইট মাধ্যম দিয়ে যোগাযোগ সমস্যা-
i) পৃথিবী থেকে অনেক উঁচু ii) ব্যয় বহুল iii) সময় বেশি লাগে
নিচের কোনটি সঠিক?
ক.i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii, ও iii

১১। ফাইবার অপটিকস-
i) অত্যন্ত সরু ii) কাঁচের তন্তু iii) মেটাল দিয়ে তৈরী
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii, ও iii

১২। Hotmail, Yahoo, Gmail ইত্যাদি ব্যবহার কিসের সুবিধা?
ক. ক্লাউড অপারেটিং খ. নেটওয়ার্কিং গ. ব্রাউজিং ঘ. সার্ভিসিং

১৩ ।কোনটি ক্ষতিকারক সফটওয়্যার?
ক.পাওয়ার পয়েন্ট খ.ট্রোজান হর্স গ.গুগল ঘ.মজিলা ফায়ারফক্স

১৪। মাইক্রোসফট এক্সেলে কমান্ডগুলো কোন গুচ্ছে সাজানো থাকে?
ক.কুইক টুলবার খ.মেনুবার গ.রিবন ঘ.স্ট্যাটাস বার

১৫ ।কত সালে এলক ক্লোনার ফ্লপি ডিস্ক বাধ্যমে সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ে?
ক.১৯৮২ খ.১৯৫৬ গ.১৯৮১ ঘ.১৯৬৫

১৬ ।ভাইরাস কত প্রকার ?
ক.২ খ.৬ গ.৫ ঘ .৪

১৭। CIH ভাইরাস প্রতি বছর কত তারিখে সক্রিয় হয়?
ক. ৬ এপ্রিল খ. ১৬ এপ্রিল গ. ২১ এপ্রিল ঘ.২৬ এপ্রিল

১৮। পাসওয়ার্ড ম্যানেজারের জন্য ব্যবহৃত সফটওয়্যারের নাম কী?
ক. Avast খ. Reaper গ. Keepass ঘ. CIH

১৯। ফ্লপি ডিস্কের মাধ্যমে সারা পৃথিবীতে কোন ভাইরাস ছড়িয়ে পড়ে?
ক. ব্রেইন খ. মরিস ওয়ার্ম গ. এলক ক্লোনার ঘ. নিমডা

২০। বর্তমান বিশ্বে প্রচলিত অপারেটিং সিস্টেমের মধ্যে কোনটির ম্যালওয়্যারের সংখ্যা বেশী?
ক. লিনাক্স খ. ডম গ. উইন্ডোজ ঘ. ম্যাক

২১। ট্রোজান অর্থ কী?
ক. ম্যালওয়্যার খ. সিস্টেম সফটওয়্যার গ. প্যাকেজ সফটওয়্যার ঘ. ডিজাইন সফটওয়্যার

২২। এন্টি ভাইরাস সফটওয়্যার হলো-
i) নরটন ii) অ্যাভাস্ট iii) ট্রোজান হর্স
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　খ. i ও iii　　গ. ii ও iii　　ঘ. i, ii, ও iii

২৩। স্প্রেডশিটে ফর্মূলা হলো নিচের কোনটি?

ক. Sum　　খ. Sule　　গ. =Al+Bl　　ঘ. AVG

২৪। ওয়ার্কশিটে Al, B2, C3 এবং D3 সেলগুলি ডাটা যোগ করার সূত্র কোনটি?

ক. Sum (Al+D3)　　খ. = Sum (Al, D3)　　গ. = Al+B2+C3+D3　ঘ. = Al+B2: C3+D3

২৫। স্প্রেডশিটে একটি সেলের এড্রেস E/0 মানে হচ্ছে-

i) E কলাম　　ii) 10 নম্বর কলম　　iii) 10 নম্বর সারি

নিচের কোনটি সঠিক?

ক.i ও ii　　খ. i ও iii　　গ. ii ও iii　　ঘ. i, ii, ও iii

# মূল্যায়ন পরীক্ষা-২০২০

## বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৭০ অষ্টম শ্রেণি সময়: ২ ঘন্টা ৩০ মিনিট

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও: ১০ × ৭=৭০**

১। বিপুল সর্বদা চেষ্ট করেন এলাকার শান্তি বজায় রেখে সামাজিক পরিবেশ সুন্দর রাখার। তিনি এরাকার সকলের বিভিন্ন বিচারে ন্যায়কে প্রতিষ্ঠা করার চেষ্টা করেন। তিনি কোন পার্থক্য না করে সমাজের সকলের সাথে মিলেমিশে শান্তিতে বসবাস করেন।

ক) বসল সূত্রে বুদ্ধ কী উপদেশ দিয়েছিলেন? ১

খ) কারা ভিক্ষু সঙ্ঘে স্থান পেয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের বিপুলের চরিত্রে তোমার পাঠ্যবইয়ের কোন মহামনবের ইঙ্গিত রয়েছে? তার বর্ণনা কর। ৩

ঘ) বিপুলের এরূপ আচরণ সমাজকে কিভাবে প্রভাবিত করবে বলে তুমি মনে কর। যুক্তি প্রদর্শন কর। ৪

২। বাগান বাড়ি এলাকায় শ্রদ্ধেয় শাসনরক্ষিত ভান্তে এসেছেন। মেথরের ছেলে পাচুর খুব ইচ্চা ঐ সাধকপুরুষের কাছে দীক্ষা গ্রহণ নেবে। কিন্তু সে মেথর বলে তাকে কেউ ঐ ভান্তের কাছে যেতে দিল না। শ্রদ্ধেয় শাসন রক্ষিত ভান্তে কিন্তু পাচুকে দেখেই তার মনের কথা বুঝতে পারলেন এবং তাকে দীক্ষা দিলেন। পাচু খুশি মনে শ্রামণ্য ধর্ম পালন শুরু করল।

ক) গৌতম বুদ্ধ কোথায় জন্মগ্রহণ করেন? ১

খ) মাতঙ্গ কে ছিলেন? ২

গ) উদ্দীপকে পাঠ্যবইয়ের কোন ঘটনার ইঙ্গিত রয়েছে? তার ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত ঘটনার মর্মার্থ বিশে- ষণ কর। ৪

৩। রূপালী বড়ুয়া বিহারে গিয়ে ত্রিরত্ন বন্দনা পূর্বক ভিক্ষুর নিকট গৃহশীল গ্রহণ করেন। প্রথমত, শ্রদ্ধেয় ভিক্ষু তাকে উদ্দেশ্য করে বলেন, "ভগবানের ধর্ম উত্তমরূপে ব্যাখ্যাত; নিজে দেখার যোগ্য। কালবিহীন, এসে দেখার যোগ্য, নির্বান প্রাপক এবং বিজ্ঞগন কর্তৃক জ্ঞাতব্য। দ্বিতীয়ত, ভিক্ষুসঙ্ঘকে অবহেলা করা উচিত নয়। পারতপক্ষে সঙ্ঘের সেবায় ব্রতী হবেন।

ক) ত্রিরত্ন কী? ১

খ) ‘ত্রিরত্ন’ বন্দনার গুর ত্ব ব্যাখ্যা কর। ২

গ) রূপালী বড়ুয়াকে ভিক্ষু প্রথমত কোন গুনের বিষয় স্মরণ করিয়ে দেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) ‘ভিক্ষুসঙ্ঘকে অবহেলা করা উচিত নয়”-এ বক্তব্যের সাথে তুমি কি একমত?-বন্দনার আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

৪। স্মিতা প্রতিদিন সন্ধ্যাবেলা ত্রিরত্নের বন্দনা করে। সে মনে করে ত্রিরত্ন বন্দনার ফলে কার মন বাক্য সংযত হয়। যে পালিতে স্বাক্যাতো অগবতো ধম্মো-বিঞ্ঞূহীতি। উচ্চারণর করে বন্দনা করে।

ক) ‘অরি’ শব্দের অর্থ কী? ১

খ) শ্রেষ্ঠ পুন্যক্ষেত্র বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকে পাঠ্য বইয়ের যে পালি বন্দনা গাথার ইঙ্গিত রয়েছে তা লেখ। ৩

ঘ) উক্ত পালি গাথার বাংলা অনুবাদ বিশে- ষণ কর। ৪

৫। রতন ও রিটন বড়ুয়া দুই ভাই। তাদের বাবা-মা একটি ধর্মীয় অনুষ্ঠানের মাধ্যমে এক সপ্তাহের জন্য প্রব্রজ্যা ধর্ম দীক্ষা নেওয়ার ব্যবস্থা করেন। রতন ভান্তের নির্দেশমত শ্যাম্যনীতি অনুসরণ করার চেষ্টা করেন। অন্যদিকে রিটন শ্রমনাদের নিত্যপালনীয় শীলাদি পালন না করে মোবাইলে নাচ দেখে, গান শুনে এবং বিভিন্ন ধরনের সুগন্ধি ব্যবহার করতে থাকে।

ক) ধর্ম চর্চার মূলভিত্তি কী? ১

খ) কীভাবে শীলবান হওয়া যায়? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে রিটন বড়ুয়ার আচরণ কোন কোন শীলের নীতি বিরোধী? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে রতন বড়ুয়ার আচরণে ইহকাল ও পরকালে কী কী সুফল লাভ করবে তা বিশে- ষণ কর। ৪

৬। ‘ক’ অষ্টম শ্রেণির ছাত্র। সে সর্বদা সৎপথে চলার চেষ্টা করে। সে কায়িক, বাচনিক ও মানসিক দিক দিয়ে সংযত পরিশীলিত আচরণের অধিকারী। সবাই মনে করে সে একদিন অনেক বড় হবে এবং দেশের মঙ্গলজনক কাজে এগিয়ে আসবে।

ক) শীল শব্দের অর্থ কী? ১

খ) মাদকদ্রব্য আমাদের কী ক্ষতি করে? ২

গ) উদ্দীপকে তোমার পাঠ্য বইয়ের কোন বিষয়ের ইঙ্গিত রয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বিষয় পালন না করলে তুমি কেমন ফল ভোগ করবে? বিশে- ষণ কর। ৪

৭। নির্মল বড়ুয়া দানশীল এবং শীলবান ব্যক্তি। তিনি এলাকার উপাসক-উপাসিকাদের নিয়ে মার্গলাভী ভিক্ষুকে দান দেওয়ার উদ্দেশ্যে রাঙ্গামাটি বিহারে রওয়ানা হন। সেখানে তিনি উপযুক্ত পাত্রে উৎকৃষ্ট দান দিয়ে দানকার্য সম্পন্ন করেন।

ক) দানীয় বস্তু কত প্রকার? ১

খ) অসদুপায়ে লব্ধ টাকা পয়সা দান করা উচিত নয় কেন? ২

গ) উদ্দীপকে নির্মল বড়ুয়ার দানের মধ্যে দানীয় বস্তুর কোন সম্পত্তির উলে- খ রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত দান কার্যটি ধর্মীয় জীবন গঠনে কীভাবে প্রভাব ফেলে? পাঠ্যবইয়ের আলোকে বিশে- ষণ কর। ৪

৮। শ্যামল বাবু একজন ব্যাংকের কর্মকর্তা। তিনি সিদ্ধান্ত নিলেন, ঈদের ছুটিতে গ্রামের বাড়িতে গিয়ে পরলোকগত জ্ঞাতিগণের উদ্দেশ্যে সঙ্ঘদান ও অষ্ঠ পরিষ্কার দান করবেন। পরবর্তীতে তিনি উদার মনে দানকার্য সুসম্পন্ন করতে পেরে খুবই আনন্দিত হলেন।

ক) দান কী? ১

খ) প্রত্যেক দান অনুশীলন করা উচিত কেন? ২

গ) শ্যামল বাবুর দানের বিষয়টি কোন ক্ষেত্রে বিবেচ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ) ব্যক্তি ও সমাজ জীবনে উক্ত দানের প্রভাব মূল্যায়ন কর। ৪

৯। দৃশ্যকল্প-১; সাজু একজন ভালো ফুটবলার। এজন্য তার মনের মধ্যে অহংবোধ কাজ করে। সে খেলতে গিয়ে নানা সমস্যার সৃষ্টি করে। এমতাবস্থায় সকলে মিলে তাকে খেলা থেকে বাদ দেয়।

দৃশ্যকল্প-২; রাজু বড়ুয়া প্রতিষ্ঠিত ব্যবসায়ী। সন্তানেরা প্রাপ্ত বয়স্ক হওয়ায় তিনি বিষয়-সম্পত্তি তাদের মধ্যে ভাগ করে দেয়ার ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু সন্তানেরা বিয়ষটিকে কেন্দ্র করে পারিবারিকভাবে বিরোধে জড়িয়ে পড়ে।

ক) বুদ্ধ কীভাবে ধর্মোপাদেশ দেন। ১

খ) মানুষের জয় হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) দৃশ্যকল্প-১; এ বর্ণিত ঘটনাটি কোন সূত্রের ইঙ্গিত বহণ করে? ৩

ঘ) দৃশ্যকল্প-২; এ বর্ণিত রাজু সন্তানদের কর্মকান্ডে যে সূত্রের প্রতিফলণ ঘটেছে তা বিশে- ষণ কর। ৪

১০। ‘ক’ বড়ুয়া একজন মেধাবী ছাত্র। তার চাচা তাকে একটি মোবাইল ফোন কিনে দেয়। অতিরিক্ত মোবাইল ফোন ব্যবহারে অভ্যস্থ হওয়ায় সে শারীরিক ও মানসিক ক্ষতিগ্রস্থ হয়। পরবর্তীতে সে উদ্যমহীন হয়ে পড়ে। যার কারণে তার পতন হয়।

ক) স্পর্শের কারণ হতে কী সৃষ্টি হয়? ১

খ) জ্ঞানী ব্যক্তিরা বাসনা ক্ষয় করেন কেন? ২

গ) ‘ক’ বড়ুয়ার কর্মকান্ডে কোন সূত্রের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত সূত্রের শিক্ষা মানুষের নৈতিক জীবন গঠনে গুর ত্বপূর্ণ ভূমিকা রাখে-উক্তিটির যথার্থতা ব্যাখ্যা কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা-২০২০

## শ্রেণি: অষ্টম

## বিষয়ঃ হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[দ্রষ্টব্য: যে কোনটি ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]**

১। ঈশ্বর এক ও অদ্বিতীয়। তিনি নিরাকার, আবার তিনি তাঁর অসীম শক্তির বলে সাকার রূপ ধারণ করতে পারেন। সকল সাকার রূপ একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ। আমরা ঈশ্বরের নিরাকার রূপকে ব্রহ্ম বলে থাকি।

ক) ঈশ্বরের স্বরূপ কয়টি? ১
খ) 'ঈশ্বর এক ও অদ্বিতীয়।' ব্যাখ্যা কর। ২
গ) ঈশ্বরের স্বরূপ উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩
ঘ) "সকল সাকার রূপই একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ।" - উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২। ব্রহ্মা, শ্রীরামচন্দ্র, গণেশ, সরস্বতী, নিরাকার ঈশ্বর, অবতার, দেব-দেবী, সাকার শ্রীকৃষ্ণ এঁদের মধ্যে রয়েছে নিরাকার ঈশ্বর যিনি ব্রহ্মা, যিনি সৃষ্টির দেবতা। গণেশ সিদ্ধিদাতা, সরস্বতী বিদ্যার দেবী, অবতার এবং দ্বাপর যুগের অবতার হয়েও তিনি হলেন স্বয়ং ভগবান অর্থাৎ ভগবান শ্রীকৃষ্ণ।

ক) ঈশ্বর শব্দের অর্থ কী? ১
খ) ঈশ্বর পৃথিবীতে অবতাররূপে আর্বিভূত হন কেন? ২
গ) উদ্দীপকের আলোকে ঈশ্বর ও অবতারের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
ঘ) "নিরাকার ঈশ্বর, অবতার ও দেব-দেবী- সব মিলিয়ে এক ঈশ্বর।" - উক্তিটর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩। সজল ও কাজল দুই ভাই। তারা নিয়মিত বেদের ভিন্ন ভিন্ন সংহিতা অধ্যয়ন করে। সজল বেদের যে সংহিতাটি অধ্যয়ন করে তা বর্তমানে সুর করে গান গাওয়ার আদি উৎস। আর কাজল বেদের যে সংহিতাটি অধ্যয়ন করে তা থেকেই জ্যামিতি বা ভূমি পরিমাপ বিদ্যার উদ্ভ ঘটেছে। এভাবে দুই ভাই বেদ অধ্যয়নের মাধ্যমে তাদের জীবনকে সুষ্থ, সুন্দর ও পরিপাটি করে গড়ে তোলার চেষ্টা করে।

ক) অথর্ববেদের প্রাচীন নাম কী? ১
খ) বৈদিক সাহিত্য বলতে কী বোঝায়? ২
গ) তসজল বেদের যে সংহিতাটি অধ্যয়ন করে তার বর্ণনা দাও। ৩
ঘ) "কাজলের পঠিত বেদ থেকেই ভূমি পরিমাপ বিদ্যার উদ্ভব ঘটেছে।"- মূল্যায়ন কর। ৪

৪। শোভন বর্ণবাদকে পছন্দ করেন না। তিনি মনে করেন, এটা হিন্দুধর্মের একটা কুসংস্কার। শ্রীমদভগবদ্‌গীতার আলোকে তিনি মানুষের চরিত্র নির্ণয় করেন। ধনী-দরিদ্র, শিক্ষিত-অশিক্ষিত সকলেই তাঁর কাছে সমদর্শী।

ক) ' শ্রীমদভগবদ্‌গীতার' অপর নাম কী? ১
খ) উক্ত ধর্মগ্রন্থটিকে সকল উপনিষদের সার বলা হয় কেন? ২
গ) বর্তমান হিন্দু সমাজ থেকে তুমি কীভাবে বর্ণবাদ উচ্ছেদে ভূমিকা রাখতে পার? গীতার আলোকে ব্যাখ্যা কর।৩
ঘ) দার্শনিক গ্রন্থ হিসেবে, "গীতা পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ গ্রন্থ"- বিশ্লেষণ কর। ৪

৫। বেদ হিন্দুদের আদি ধর্মগ্রন্থ। এ ধর্মগ্রন্থকে কেন্দ্র করে ধর্মভিত্তিক এক বিশাল সাহিত্য গড়ে উঠেছে যার নাম বৈদিক সাহিত্য। আর এ বৈদিক সাহিত্যই কবিতা, গান, চিকিৎসা, ভূ-বিদ্যা ও বর্ষপঞ্জির উৎপত্তির উৎস। এই পবিত্র ধর্মগ্রন্থ আমাদেরকে ঈশ্বরকে জানার বিভিন্ন জ্ঞান ও নৈকট্য প্রদান করে।

ক) যজ্ঞ কাকে বলে? ১
খ) 'সাম' সম্পর্কে ব্যাখ্যা কর। ২
গ) জ্যামিতি বা ভূমি পরিমাপ বিদ্যার উদ্ভব ঘটেছে কীভাবে বর্ণনা কর। ৩
ঘ) " কবিতা, গান, চিকিৎসা, ভূ-বিদ্যা ও বর্ষপঞ্জি - ইত্যাদির উৎপত্তির কেন্দ্রবিন্দু হলো বেদ।" - বিশ্লেষণ কর । ৪

৬। বিকাশদের বাড়িতে প্রতি বছর এক বিশেষ যজ্ঞের আয়োজন করে। এ যজ্ঞে পুরোহিত মহাশয় মন্ত্রগুলোকে সুর করে পাঠ করে এবং যজ্ঞের অন্যান্য নিয়ম-কানুন অনুসরণ করেন। যজ্ঞের এক পর্যায়ে পুরোহিত মহাশয় ভক্তদের উদ্দেশ্যে বলেন, বেদের এ খন্ড অনুশীলনের মাধ্যমে বিশ্বপ্রকৃতি ও জীবন সম্পর্কে পরিপূর্ণ জ্ঞান লাভ সম্ভব।

ক) 'বেদ' শব্দের অর্থ কী? ১
খ) বেদকে অপৌরুষেয় বলা হয় কেন? ২
গ) বিকাশদের বাড়িতে পুরোহিত মহাশয় কোন বেদের আলোকে যজ্ঞ করেছিলেন? বর্ণনা কর। ৩
ঘ) উদ্দীপকের পুরোহিত মহাশয়ের উক্তিটি কি সঠিক? তোমার পাঠ্য পুস্তকের আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

৭। সঞ্জীব রায় জীবন, পরম পুরুষ, ব্রহ্ম তথা ঈশ্বরতত্ত্ব নিয়ে গবেষণা করছেন। এক্ষেত্রে তিনি আদি গ্রন্থের সহায়তা নিচ্ছেন। তাছাড়া বৈদিক সাহিত্যকে জানার জন্য তিনি গ্রন্থটিকে অধ্যয়ন যথেষ্ট বলে মনে করেন।

ক) উপনিষদ কী? ১
খ) চতুবর্ণ বলতে কী বোঝায়? ২
গ) সঞ্জীব রায় তার গবেষণা কাজে কোন বিশেষ গ্রন্থের সহায়তা নিচ্ছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) সঞ্জীব রায়ের শেষোক্ত মতামত তুমি সমর্থন কর কি? যৌক্তিক মতামত দাও। ৪

৮। দেশপ্রেম ধর্মের অঙ্গ। দেশপ্রেম মানব জীবনের একটি মহৎ গুণ। ধর্মগ্রন্থে বলা হয়েছে - 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদ্বপি গরীয়সী'।

ক) ধর্মগ্রন্থ কাকে বলে? ১

খ) নৈতিক শিক্ষা বলতে কী বোঝ? ২

গ) 'দেশপ্রেম ধর্মের অঙ্গ' ব্যাখ্যা কর। ৩

ঘ) 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদ্বপি গরীয়সী' - উক্তিটির যথার্থতা তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর ৪

৯। সৈকত বাবু একজন বিশিষ্ট ব্যবসায়ী। তিনি এলাকায় বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। এলাকার রাস্তাঘাটের ব্যাপক উন্নয়ন করেছেন। এলাকার লোকজন এজন্য খুব খুশি।

ক) নৈতিক শিক্ষা কাকে বলে? ১

খ) মহামুলি পুলস্ত্য কার্তবীর্যার্জুনের কাছে কেন গিয়েছিলেন? ২

গ) সৈকত বাবুর মধ্যে ধর্মীয় নৈতিক শিক্ষার কোন গুনটি ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩

ঘ) সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সৈকত বাবুর নৈতিক শিক্ষার প্রভাব মূল্যায়ন কর। ৪

১০। মথুরার অত্যাচারী রাজা ছিলেন কংস। তার অত্যাচারে মথুরার প্রজারা অতিষ্ঠ হয়ে উঠেছিল। তাই কংসের অত্যাচার থেকে প্রজাদের রক্ষা করার জন্য ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তিনি অত্যাচারী রাজা কংসকে হত্যা করেন।

ক) কংস কে ছিলেন? ১

খ) শ্রীকৃষ্ণের জীবনী থেকে আমরা কী নৈতিক শিক্ষা পাই? ২

গ) ভগবান শ্রীকষ্ণের নৈতিক শিক্ষা তোমার জীবনে কীভাবে প্রয়োগ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) শ্রীকৃষ্ণ কর্তৃক কংস বধের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। বাদল ও অশোক খুব ঘনিষ্ঠ বন্ধু। অশোক একজন উচ্চপদস্থ কর্মকর্তা। কিন্তু বাদলের অবস্থাততটা ভালো নয়। ভাগ্যক্রমে বাদল একদিন অশোকের অফিসে চাকরির খোঁজে আসে। অশোককে দেখে বাদল নিজের অবস্থানের জন্য লজ্জিত হলেও অশোক তাকে বুকে টেনে নেয় এবং তাকে সাহায্য করার প্রতিশ্রুতি দেয়।

ক) শিশুপাল কোন রাজ্যের রাজা ছিলেন? ১

খ) ভগবান শ্রীকৃষ্ণ কোন জরাসন্ধকে বধ করেন? ২

গ) অশোক বাবুর সাথে ভগবান শ্রীকষ্ণের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) "ভগবান শ্রীকষ্ণের বন্ধুবাৎসল্য আর অশোক বাবুর কর্মকান্ড যেন এক সূত্রে গাঁথা।" - বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা -২০২০
## বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)
## শ্রেণি: ৮ম

সময়: ২:৩০ মিনিট পূর্ণমান: ৭০

**যেকোন ৭টি প্রশ্নের উত্তর দাও।**

১। জন গোমেজ অত্যন্ত বদরাগী। ধর্মীয় ব্যাপারে তার ভীষণ অনীহা। একদিন তার স্ত্রী তাকে জোর করে গির্জায় নিয়ে যায়। সেখানে সে আলোচনা শুনে বুঝতে পারল যে বিনয়ী কোমলপ্রাণ যারা ধন্য তারা। শান্তি স্থাপন করে যারা ঈশ্বরের পুত্র তারা।

ক) মানুষের লক্ষ্য কী?১

খ) যীশু কীভাবে মন্দিরের পবিত্র আনলেন?

গ) যীশুর অষ্টকল্যাণ বাণীর আলোকে জনকে ব্যাখ্যা কর।

ঘ) 'বিনয়ী কোমলপ্রাণ যারা ধন্য তারা'-বিশ্লেষণ কর।

২। রেমন্ড রোজারিও একজন দানশীল মানুষ। তিনি গরিব দুঃখি মানুষকে অকাতরে দান করতে পছন্দ করেন। এ দানকর্মেল মাধ্যমে তিনি একধরণের সুখ লাভ করে থাকেন। এ সুখ তিনি অন্তর দিয়ে উপলুদ্ধি করেন এবং পরজগতের জন্য সঞ্চয় করেন।

ক) আমরা কাদের পুনরুত্থানে বিশ্বাস করি।

খ) প্রভু যীশু পিতার কাছে চলে যাওয়ার আগে কী বানী দিয়ে গিয়েছিলেন?

গ) উদ্দীপকের রেমন্ড রোজারিও যে ধরণের সুখ ভোগ করেন তা ব্যাখ্যা কর।

ঘ) রেমন্ড রোজারিও অন্তর দিয়ে সুখ উপলদ্ধি করেন এবং পর জগতের জন্য সঞ্চয় করে -উক্তিটি সপক্ষে যুক্তি দাও।

৩। তিমথি প্রচুর ধনসম্পত্তির মালিক। উচু শ্রেণির লোকের সাথে তার উঠাবসা। দীনদরিদ্রকে সে ঘৃণার চোখে দেখে। সে গির্জায় যায় ঠিকই। কিন্তু প্রার্থনার জন্য নয় বরং নিজেকে সে জাহির করে। অন্যদিকে তার স্ত্রী স্বামীর জন্য মনে অনেক দুঃখ পায় এবং প্রার্থরা করেন।

৪। মার্ক অষ্টম শ্রেণীর ছাত্র। সে নিয়মিত স্কুলে যায় না, গির্জায়ও যেতে চায় না। মাতাপিতার কথাও শোনে না। খারাপ বন্ধুদের সাথে শেলামেশা করে। ফলে সে পরীক্ষায় অকৃতকার্য হলো। এখন সে বুঝতে পারল সে কী করেছে।

ক) পুরাতন নিয়মে কয়টি আজ্ঞা আছে?

খ) ঈশ্বর কেন মানুষ সৃষ্টি করেছেন?

গ) উদ্দীপকের মার্ক -এর অনুশোচনা হলো কেন? ব্যাখ্যা কর।

ঘ) মার্ক কোন কোন উপায় অবলম্বন করে সেখান থেকে পরিত্রাণ পেতে পারে? বিশ্লেষণ কর।

৫। আব্রাহাম একটি সরকারি অফিসে চাকুরি করে। খুব ভাল বেতন পায়। তার দিন খুব সুখে কাটছিল। কিন্তু একদিন অফিসের নৈতিকতা ভঙ্গ করে অসৎপথে আরও বেশি রোজগার করা শুরু করল। কিছুদিন পর ধরা পড়ে। চাকুরিও চলে যায়। এখন সে মানবেতের জীবন যাপন করে। এখন সে অনুতপ্ত আর একবার চাকুরি ফিরে পেতে চায়।

ক) ঈশ্বর মানুষকে সৃষ্টি করে কোথায় রেখেছিলেন?

খ) নৈতিক বিধিবিধান পালন করা গুরুত্বপূর্ণ কেন?ব্যাখ্যা কর।

গ) আব্রাহামের মধ্যে কার প্রভাব পরিলক্ষিত হয়?ব্যাখ্যা কর।

ঘ) কোন সংস্কারের মাধ্যমে আব্রাহাম ঈশ্বরের সন্তান হওয়ার ক্ষমতা ফিরে পাবে বলে তুমি মনে কর। বিশ্লেষণ কর।

৬। টমাস অষ্টম শ্রেণির ছাত্র। সে নিয়মিত স্কুলে যায়। পড়াশোনায় খুব ভালো। সে দুর্বল ছাত্রদের পড়াশোনায় সাহায্য করে। বাড়িতেও পিতামাতার কথামতো কাজ করে। গ্রামের সবার সাতে তার ভাল সম্পর্ক। সে বাইবেল পাঠে যাজকের সাথে অংশগ্রহণ করে। যাজন ও তার প্রতি খুব সন্তুষ্ট। তাকে অনুসরণ করে ছেলেমেয়েরা নিয়মিত সমাবেশে যোগ দেয়।

ক) ঈশ্বরের সেবাকর্মী বলতে কী বোঝ?

খ) ঈশ্বরের সেবাকর্মী হতে হলে সুম্পর্কের জন্য কী প্রয়োজন?

গ) তুমি কিভাবে বলবে টমাসের কাজকর্ম ঈশ্বরের সেবাকর্ম?

ঘ) নিজের কাজের মাধ্যমে টমাস কিভাবে ঈশ্বরের সাতে সম্পর্ক বজায় রাখবে? পাঠ্যপুস্তকের আলোকে তোমার মতামত দাও।

৭। ফিলিপ ও বানার্ড একটি ধ্যানাশ্রমে গেল। সেখানকার পরিবেশ দেখে তারা অবাক হয়ে গেল। সেখানকার পরিচালন বললেন, "এসবই ঈশ্বরের সৃষ্টি।" সেখান থেকে বাড়ি ফিরে তার একটি সংঘ গঠন করল। বিভিন্ন ফল,ফুল ও খাবার প্রস্তুত করল। তাদের এরূপ সুন্দর কাজে সবাই খুশি হয়ে প্রশংসা করল।

ক) সৃষ্টির শ্রেষ্ঠ জীব কে?

খ) কীভাবে সৃষ্টির উত্তমতা রক্ষা পাবে?

গ) উদ্দীপকে ফিলিপ ও বানার্ড কী মনোভাব নিয়ে সৃষ্টির উত্তমতা রক্ষা করে? বর্ণনা কর।

ঘ) ফিলিপ ও বাণার্ডের কাজের মধ্য দিয়ে মানুষের সেবা ও ঈশ্বরকে ভালাবাসার বহি:প্রকাশ ঘটেছে। বিশ্লেষণ কর।

৮। বিদ্যা নিকেতন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কয়েকজন ছাত্র নিয়ে একটি ফুটবল দল গঠন করলেন। ফুটবল দলের অধিনায়ক হিসেবে টমাসকে মনোনীত করলেন। দায়িত্ব নিতে টমাস ভয় পেল কিন্তু নিয়মিত খেলার পাশাপাশি তার পবিত্র আত্মার কাছে প্রার্থনা করল। টমাসের নেতৃত্বে তাদের দল খেলায় জয় লাভ করল।

ক) ক্রুশের চিহ্নে আমরা কোন রহস্য স্মরণ করি।

খ) পঞ্চাশত্তমী পর্বের দিনে যেরুসারেমের লোকেরা শিষ্যদের কথা শুনে বিস্মিত হয়েছিল কেন?

গ) উদ্দীপকের টমাস পবিত্র আত্মার কাছে প্রার্থনা করার কারণ ব্যাখ্যা কর।

ঘ) "নানা দিব্যদান আছে তবে যিনি তা দিয়ে থাকেন সেই পবিত্র আত্মা কিন্তু এক।"- উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

৯। জয় সমাজে ভালো কাজ করতে চায়। কিন্তু সমাজের প্রভাবশালীদের কারণে সে এগিয়ে আসতে সাহস পায় না। এজন্য সে প্রতিদিন ঈশ্বরের কাছে প্রার্থনা করে। ঈশ্বর তার উপর সন্তুষ্ট হয় এবং জয় সাহসী হয়ে উঠে। তাকে সাহায্য করতে তার বন্ধুরা এগিয়ে আসে।

ক) খ্রিষ্টের স্বর্গারোহণের কত দিন পর পবিত্র আত্মা এসেছিলেন?

খ) ইহুদীরা কেন বিমূঢ় হলো?

গ) উদ্দীপকে জয় কি দ্বারা প্রভাবিত হয়েছিল ব্যাখ্যা কর।

ঘ) জয় কি খ্রিষ্টের প্রেরিত শিষ্য? মতামত দাও।

১০। তেরেজাদের একটি বাগান ছিল। তেরেজার বাবা একদিন সবগাছ বিক্রি করে দিলেন। তেরেজাদের বাগানটি গাছ শুণ্য হয়ে গেল। ফলে তাদের এলাকার তাপমাত্রা বেড়ে গেল।

ক) পরিবেশবাদীদের মতে বাংলাদেশের অবস্থান কেমন?

খ) সব কিছুর যত্ন নিতে হবে কেন?

গ) তেরেজার বাবা গাছ বিক্রি করে কী ক্ষতি করল? ব্যাখ্যা কর।

ঘ) তুমি কি তেরেজার বাবাকে সমর্থন কর? মতামত দাও।

১১। ধর্মশিক্ষক সেলিন একদিন ক্লাসে পঞ্চাশত্তমী দিনে প্রেরিত শিষ্যদের উপর পবিত্র আত্মার অবতরনের ঘটনা বর্ণনা করেন। তিনি পবিত্র আত্মার দান ও ফলগুলোও ব্যাখ্যা করেন। তিনি আরও বলেন, যেকোন ভাল কাজ শুরু করার পূর্বে পবিত্র আত্মার নিকট প্রার্থনা করলে তিনি সর্বদা সাহায্য করে থাকেন।

ক) পবিত্র আত্মার দান কয়টি?

খ) পবিত্র আত্মাকে সান্ত্বনা দাতা বলা হয় কেন?

গ) ধর্মশিক্ষিকা সেলিনের মতো 'প্রেরিত শিষ্যদের উপর পবিত্র আত্মার অবতরণের ঘটনাটি' আমরা কীভাবে অন্যদের শিক্ষা দিতে পারি? ব্যাখ্যা কর।

ঘ) 'যেকোন ভাল কাজ শুরু করার পূর্বে পবিত্র আত্মার কাছে প্রার্থনা করলে তিনি সর্বদা সাহায্য করে থাকেন।" যুক্তিসহ বিশ্লেষণ কর।

# মূল্যায়ন পরীক্ষা-২০২০

## বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৭০ অষ্টম শ্রেণি সময়: ২ ঘন্টা ৩০ মিনিট

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাওঃ ১০ × ৭=৭০**

১। ভাগ্য আল- াহ কর্তৃক নির্ধারিত। মানুষ নিজ কর্মের মাধ্যমে ভাগ্য পরিবর্তন করতে পারে। এক্ষেত্রে মানুষকে আল- াহর উপর বিশ্বাস ও ধৈর্য্যধারণ করতে হবে।

ক) শাফাআত কাকে বলে? ১

খ) কিয়ামতের দিন কি কারণে শাফাআত করা হবে? বুঝিয়ে লিখ। ২

গ) মানুষ কিভাবে কর্মের মাধ্যমে ভাগ্য পরিবর্তন করতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) দুনিয়ায় শান্তি ও পরকালে মুক্তি পেতে হলে মানুষের করণীয় দিক তুলে ধর। ৪

২। মাওলানা 'X' সাহেব তাফসির ল মাহফিলে শাফায়াত সম্পর্কে বয়ান দিতে গিয়ে বলেন, সেদিন মহানবি (স) শাফাআত না করলে কেহই জান্নাতে যেতে পারবেনা।

ক) কিয়ামত কাকে বলে? ১

খ) বারযাখ বলতে কি বোঝায়? ২

গ) মহানবি (স) সেদিন কাদের শাফাআত করবেন? একে কি বলা হয়? এবং কারা এ শাফাআত প্রাপ্ত হবেন? ৩

ঘ) হাশরের দিন কোন বিষয়ে শাফাআত সুগরা করা যাবে? এবয় কার এ শাফাআত করতে পারবেন? বিশে- ষণ কর। ৪

৩। মোসাম্মত 'ক' কথায় কথায় মিথ্যা বলে। তার আচরণে তার পরিবারের সবাই ক্ষিপ্ত। কেননা সে মিথ্যার সাথে আমানতের খিয়ানত করে থাকে।

ক) মুহায়মিনুন শব্দের ৩টি অর্থ লিখ। ১

খ) নবি ও রাসুলের পার্থক্য লিখ। ২

গ) মোসাম্মত 'ক' আচরণ কিসের শামিল? তার এরূপ আচরণ তাকে কিভাবে ক্ষতিগ্রস্থ করবে? উপস্থাপন কর। ৩

ঘ) 'মিথ্যা মানুষকে ধবংশ করে দেয়' কেন এবং কিভাবে? বিশে- ষণ কর। ৪

৪। আমাদের আল- াহর গুনে নিজেরেদ গুণান্বিত করতে হবে। সর্বক্ষেত্রে সত্য ও ন্যায়ের পথে চলতে হবে কেননা আল- াহ সব বিষয় অবহিত।

ক) ইমান কাকে বলে? ১

খ) ইমানের ৭ম বিষয় বুঝিয়ে লিখ। ২

গ) আমাদের কেন আল- াহর গুনে গুনান্বিত হতে হবে? এর সুফল সহ লিখ। ৩

ঘ) 'আমরা যাই করিনা কেন সে বিষয়ে আল- াহ অবহিত' তাই আমাদের কিভাবে জীবন পরিচালনা করা উচিৎ? বিশে- ষণ কর। ৪

৫। নিফাক মানুষকে ইসলামের শত্র তে পরিণত করতে পারে। কেননা এটি ঈমানদার ও শয়তানের মধ্যে ব্যবধান সৃষ্টি করে।

ক) আকাইদ মব্দের শাব্দিক সংজ্ঞা লিখ্ ১

খ) ঈমানের কয়েকটি দিক রয়েছে? বুঝিয়ে লিখ। ২

গ) নিফাক কিভাবে মানুষকে ইসলামের শত্র তে পরিণত করে? উপস্থাপন কর। ৩

ঘ) নিফাক কিভাবে ঈমানদার ও শয়তানের মধ্যে ব্যবধান সৃষ্টি করতে পারে? শয়তানের কর্মকান্ডসহ উপস্থাপন কর। ৪

৬। মি. 'Y' সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি প্রতি বছর মাসারিফের অর্ন্তগত লোকদের অর্থ সম্পদ দিয়ে থাকেন। এতে করে লোকেরা তাকে দোআ করে।

ক) ইবাদত কাকে বলে? ১

খ) হাজ্জ বলতে কি বোঝায়? ২

গ) 'Y' সাহেব মাসারিফের অর্ন্তগত লোকদের যে অর্থ দিয়ে থাকেন তাকে কি বলে? মাসারিফের অন্তর্গত কারা? একটি তালিকা তৈরি কর। ৩

ঘ) 'Y' সাহেব যে কাজটি করলেন তা অর্থনৈতিক ভারসাম্য বজায় কীভাবে বিরাট ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর।? বিশে- ষণ কর। ৪

৭। মি. 'M' সাহেব (৮ থেকে ১২) ইয় যিলহজ তারিখে কাবায় অবস্থান করলেন এবং জাযরাতুল আকাবায় কংকর নিক্ষেপ করলেন।

ক) সাঈ কাকে বলে? ১

খ) তাওয়াফে কুদুয বলতে বি বুঝ? ২

গ) মি. 'M' সাহেব কখন জমরাতুল আকাবায় কংকর নিক্ষেপ করলেন? এটি কোন ধরণের কাজ? সে এ ধরণের আর কয়টি কাজ করতে হয়েছে তাকে? উপস্থাপন কর। ৩

ঘ) মি. 'M' সাহেব কেন ৮ থেকে ১২ যিলহজ কাবায় অবস্থান করেছিলেন? তুমি কি মনে কর সেই উদ্দেশ্যটি বিশ্ব ভ্রাতৃত্বের মাঝে মিলনকেন্দ্র হিসেবে কাজ করে থাকে? ৪

৮। পাশের গ্রামে এক দরিদ্র কৃষকের ঘরে ফুটফুটে কন্যা সন্তান জন্ম নিল। দরিদ্র কৃষক কন্যা সন্তান হওয়াতে মন খারাপ করল কেননা কন্যা সন্তানকে বড় করে বিয়ে দিতে হবে এবং অনেক টাকা খরচ করতে হবে। যা তার সামর্থের মধ্যে থাকবে না।

ক) কুরবানি কাকে বলে? ১

খ) যাকাতে মাসারিফ বলতে কি বুঝ? ২

গ) সন্তান জন্ম নিলে ৭ম দিনে পিতামাতাকে কি কি পদক্ষেপ নিতে হয় এবং কেন বিশে- ষণ কর। ৩

ঘ) ‘কন্যা সন্তান আল- াহর নেয়মতের মধ্যে অন্যতম নেয়ামত’ কেন এবং কিভাবে? বিশে- ষণ কর। ৪

৯। এই নিখীল বিশ্বে যে অনু পরিমাণ সৎকাজ করবে তাকে তা দেখানো হবে এবং অনু পরিমাণ মন্দ কাজ কাজ করবে হাশরের দিন তাও তাকে দেখানো হবে।

ক) নাজিরা তিলাওয়াত কাবে বলে? ১

খ) সুরা কাদরের ২ নং আয়াতে মহিমান্বিত রাত বলতে কি বোঝানো হয়েছে? ২

গ) উদ্দীপকে কথাগুলো কোন সুরায় অনুবাদের সাথে সম্পৃত্ততা খুঁজে পাওয়া যায়? উক্ত কথাগুলোর গুরুত্ব তুলে ধর। ৩

ঘ) হাশরের দিন পূণ্যবানরা কিভাবে পুলসিরাত পার হবে? বিশে- ষণ কর। ৪

১০। সেদিন ঘটবে মহাপ্রলয়। আর পৃথিবী সেদিন তার বৃত্তান্ত বর্ণনা করবে।

ক) সুরাফিল এর নামকরণ কেন করা হয়েছে? ১

খ) কিয়ামত বলতে কি বুঝ? ২

গ) উদ্দীপকে কোন দিনের কথা বলা হচ্ছে? সেদিন কি কি ঘটবে? তুলে ধর। ৩

ঘ) উদ্দীপকের বর্ণনা পাঠ্য বইয়ের কোন সুরার সাথে সম্পৃক্ত? উক্ত সুরা আমাদের কিভাবে শিক্ষা দিতে পারে বলে তুমি মনে কর। ৪